22

মানব জমিন

তারিখ ৩০/৭/৯৮
পৃষ্ঠা ১৭ কলাম ৪

# ক্লাস না করেও বেতন পাচ্ছেন শিক্ষকরা

আমরা হারবাং চকরিয়া ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রী। আমাদের বিদ্যালয়ে প্রতিদিন ক্লাস হয় না। শিক্ষকরা স্কুলে আসেন না। এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীর হার ২ থেকে ৩ জন। ক্লাস না করে ঠিকই শিক্ষকরা বেতন পাচ্ছেন। আমরা ভবিষ্যতের চিন্তায় অস্থির। সামনে ঘোর অন্ধকার দেখছি। এ অবস্থার অবসান হওয়া প্রয়োজন। তাই আপনার দৈনিক মানবজমিন পত্রিকার মাধ্যমে সরকারকে বিষয়টি জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

আবদুর রশিদ (নবম), রাশেদা বেগম (১০ম) সাইফুল ইসলাম (৭ম), ইয়াছিন মোহাম্মদ (৮ম) রোকছানা মেরি (৬ষ্ঠ)।